

নম্বর 202.29

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত
আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a দ্বারা আমার উপর ন্যস্ত কত্বের বলে আইনের এবং কোন নির্দেশ যা কোন পরবর্তী নির্দেশ যা নির্বাহী আদেশ 202.15, 202.16, 202.17, 202.18, 202.19, 202.20, এবং 202.21 দ্বারা অতিক্রান্ত হয়নি, তার স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখছি, ত্রিশ দিন পর্যন্ত, 07 জুন 2020 অবধি; এবং

উপরন্তু, আমি সাময়িকভাবে এই নির্বাহী আদেশের তারিখ থেকে শুরু করে নিম্নলিখিতগুলি এতদ্বারা সংশোধন করছি:

- সিভিল প্র্যাকটিস আইন এবং বিধিমালার (Civil Practice Law and Rules) সেকশন 214-g, সেই পরিসর অবধি যা এই সেকশনের কার্যকর তারিখের পরে এক বছর ও ছয় মাসের মধ্যে একটি কর্মের সূচনা করার অনুমোদন দেয়।

আমার স্বহস্তে এবং স্টেটের সরকারি সিলমোহর সহ
অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের
মে মাসের অষ্টম দিনে এটি প্রদান করা
হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব